গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত প্রনয়নকৃত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গঠিত "জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি"র সভার কার্যবিবরণী:

১.০ সভার তারিখ ও সময় : ১৪ মার্চ ২০২১ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা।
১.১ সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (ব্লক-১)।
১.২ সভাপতি : অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১.৩ আলোচ্য বিষয় : (ক) আগামী ১৭ মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে প্রণয়নকৃত কর্মসূচি বাস্তবায়ন;
(খ) বিবিধ।

০২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক এ সংযুক্ত।

০৩। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব জনাব মো: দিলদার হোসেন, উপসচিব সভাকে জানান যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে গত ০৪/০৩/২০২১ তারিখ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভা আহব্বান করা হয়েছে। অত:পর সদস্য সচিব সভায় সিদ্ধান্তসমূহ তুলে ধরেন।

০৪। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য ১০ দিন ব্যাপী কর্মসূচি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পালন করতে হবে। কর্মসূচিসমূহ ও সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য কর্মকর্তাগণের নাম/কমিটি নিম্নরুপ:

| তারিখ ও সময় | ০৪/০৩/২০২১ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কমিটি |
|---|---|---|
| ১৭/০৩/২১ | ১৭ মার্চ ২০২১ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন। | জনাব মো: সাহাবুদ্দীন সরকার, উপপরিচালক,বিবিএস বিষয়টি নিশ্চিত করবেন। |
| সকাল ১০.০০ ঘটিকায়। | পরিসংখ্যান ভবনে র‌্যালী ও শান্তির পায়রা এবং বেলুন উড়ানোর মাধ্যমে ১৭ মার্চের উদযাপন। | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো।<br>ক) জনাব মো: মহিউদ্দিন আহমেদ, এমপিএইচ উপপরিচালক, বিবিএস-আহব্বায়ক<br>খ) জনাব মোহাম্মদ সাদ্দাম হোসেন খাঁন উপপরিচালক, বিবিএস-সদস্য<br>গ) জনাব মো: জাকির হোসেন আয়ন-ব্যয়ন কর্মকর্তা, বিবিএস-সদস্য<br>ঘ) বেগম আকলিমা খাতুন উপপরিচালক, এসআইডি- সদস্য সচিব<br>কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। |
| সকাল ১০.৩০ ঘটিকায় | পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে যথাযোগ্য মর্যাদায় শ্রদ্ধা জ্ঞাপন। | |

চলমান পাতা

পূর্ব পৃষ্ঠার পর:

| | | |
|---|---|---|
| ১৬/০৩/২১ থেকে ২৬/০৩/২১ | পরিসংখ্যান ভবন ১০ দিন ব্যাপী, ১৬ মার্চ দিবাগত রাত হতে ২৭ মার্চ পর্যন্ত আলোকসজ্জা করতে হবে। তবে ২৫ মার্চ ২০২১ তারিখ দিবাগত রাতে আলো নিষ্প্রভ থাকবে। | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br>ক) জনাব মো: এমদাদুল হক<br>পরিচালক, বিবিএস-আহব্বায়ক<br>খ) জনাব মো: জাকির হোসেন<br>আয়ন-ব্যয়ন কর্মকর্তা, বিবিএস-সদস্য<br>গ) জনাব মো: সাহাবুদ্দীন সরকার, উপপরিচালক,বিবিএস-সদস্য সচিব<br>কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। |
| ১৮/০৩/২১ দুপুর ১.৩০ | ১৮-০৩-২০২১ তারিখ বাদ জোহর পরিসংখ্যান ভবনের মসজিদে দোয়া-মাহফিলের আয়োজন করতে হবে। | |
| ২১/০৩/২১ | পরিসংখ্যান ভবনের ৭ম তলার প্রার্থনা কক্ষে সনাতন ধর্ম পালনকারীগণ তাদের সুবিধামত সময়ে প্রার্থনার আয়োজন করবেন এবং অন্য ধর্ম পালনকারীগণ সুবিধামত সময়ে প্রার্থনার আয়োজন করবেন। | প্রার্থণার আয়োজনের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক জনাব ঘোষ সুবব্রত-কে দায়িত্ব দেয়া হলো। |
| ১৬/০৩/২১ থেকে ২৬/০৩/২১ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ১৬ মার্চ দিবাগত রাত হতে ২৬ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত পরিসংখ্যান ভবনকে ব্যানার, ফেস্টুন, বেলুনের সমন্বয়ে মনোরমভাবে সাজাতে হবে। | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br>ক) জনাব আবুল কালাম আজাদ<br>পরিচালক, বিবিএস-আহব্বায়ক<br>খ) জনাব লিজেন শাহ নঈম, উপপরিচালক, বিবিএস-সদস্য ।<br>গ) বেগম আকলিমা খাতুন<br>উপপরিচালক, এসআইডি- সদস্য<br>ঘ) জনাব সেলিম সরকার, উপপরিচালক, বিবিএস-সদস্য সচিব<br>কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। |
| ২২/০৩/২১ বেলা ৩.০০ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ভিত্তিক আলোচনা সভার আয়োজন করতে হবে। | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br>ক) জনাব আব্দুল কাদের মিয়া, পরিচালক, বিবিএস-আহব্বায়ক<br>খ) বেগম আজিজা রহমান, উপপরিচালক,বিবিএস-সদস্য<br>গ) বেগম মেহেনাজ তাবাসসুম, উপপরিচালক, বিবিএস-সদস্য<br>ঘ) জনাব মো: আজগর আলী, উপপরিচালক, বিবিএস-সদস্য সচিব<br>কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। |

চলমান পাতা

পূর্ব পৃষ্ঠার পর:

| | | |
|---|---|---|
| ২৫/০৩/২১<br>ও<br>২৬/০৩/২১ | জাতীয় কর্মসূচির সাথে মিলিয়ে কর্মসূচি পালন করতে হবে। জাতীয়ভাবে কি কর্মসূচি গ্রহণ করা হয় সে বিষয়ে সার্বক্ষনিক মনোনিবেশ রাখতে-হবে। | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br>ক) জনাব আবুল কালাম আজাদ<br>পরিচালক, বিবিএস-আহব্বায়ক<br>খ) জনাব লিজেন শাহ নঈম, উপপরিচালক, বিবিএস-সদস্য ।<br>গ) বেগম আকলিমা খাতুন<br>উপপরিচালক, এসআইডি- সদস্য<br>ঘ) জনাব সেলিম সরকার, উপপরিচালক, বিবিএস-সদস্য সচিব<br>কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। |
| ১৭/০৩/২১ হতে<br>২৬/০৩/২১ | পরিসংখ্যান ভবনের সদর গেইটে স্থাপিত LED টিভিতে বঙ্গবন্ধু ও স্বাধীনতার তথ্য চিত্র প্রদর্শন করতে হবে। | উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার জনাব চন্দ্র শেখর রায়-কে দায়িত্ব দেয়া হলো। |
| ১৭/০৩/২১ হতে<br>২৬/০৩/২১ | জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক তৈরিকৃত থিম সংগীত বিভিন্ন কর্মসূচিতে ব্যবহারের জন্য সংগ্রহ করতে হবে। | ড.দিপংকর রায়, উপসচিব, এসআইডি থিম সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ঠ কমিটিকে প্রদান করবে। |
| ১৭/০৩/২১ হতে<br>২৬/০৩/২১ | বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ স্থানীয় প্রশাসনের সাথে সংগতি রেখে দিবসটি পালন করবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বিষয়টি নিশ্চিত করবে। | এ বিষয়ে মহাপরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>বিবিএস |
| ২৪/০৩/২১<br>দুপুর ১.৩০ | পরিসংখ্যান ভবনে Outsourching এ কর্মরত ক্লীনার, লিফটম্যানদের উন্নতমানের খাবার বিতরণ করা হবে। এছাড়া আনসার সদস্যদেরকে উন্নতমানের খাবার বিতরণ করতে হবে। | |

৫। সভায় জনশুমারি ও গৃহগণনা-২০২১ এর রেফারেন্স তারিখ হিসাবে ধার্য করে শুমারি পরিচালনার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সদস্য সচিব জানান যে, “জনশুমারি ও গৃহগণনা-২০২১” এর কাউন্ট ডাউন সফটওয়্যার তৈরি করা হয়েছে। উদযাপন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ০২ জানুয়ারি ২০২১ তারিখকে রেফারেন্স তারিখ হিসাবে ধরে ১৭ মার্চ ২০২০ হতে “জনশুমারি ও গৃহগণনা-২০২১” কাউন্ট ডাউন শুরু করা হয়। কিন্তু বৈশ্বিক করোনা পরিস্থিতির কারণে জনশুমারি ও গৃহগণনার তারিখ পরিবর্তন হওয়ায় তা চলমান রাখা যায়নি। এর পরিপ্রেক্ষিতে সভাপতি উল্লেখ করেন যে, যেহেতু বর্তমানে জনশুমারি ও গৃহগণনার তারিখ নির্ধারণ করা হয়েছে ( ২৫-৩১ অক্টোবর ২০২১), সেহেতু উক্ত তারিখকে রেফারেন্স তারিখ হিসাবে ধার্য করে আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ হতে পুনরায় কাউন্ট ডাউন শুরু করা যেতে পারে। এ বিষয়ে সভায় সকল সদস্য একমত পোষণ করে।

চলমান পাতা

পূর্ব পৃষ্ঠার পর:

৫.১। সিদ্ধান্ত: আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ হতে "জনশুমারি ও গৃহগণনা-২০২১" এর কাউন্ট ডাউন প্রচার শুরু করতে হবে। পরিসংখ্যান ভবনসহ আইসিটি বিভাগের জেলা পর্যায়ের ডিসপ্লে বোর্ড গুলোতে এ কাউন্ট ডাউন প্রচার অব্যাহত রাখতে হবে। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মুহম্মদ মেসবাহুল আলম
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি

নং:৫২.০০.০০০০.০০৬.০৬.৭০৩.১৭-৮৮৮

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭ / ১৪ মার্চ ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬। পরিচালক, এমআইএস/বাজেট/কৃষি/সেন্সাস/পরিকল্পনা ও উন্নয়ন/হেলথ এন্ড ডেমোগ্রাফী/কম্পিউটার/ইন্ডাস্ট্রি এন্ড লেবার/প্রশিক্ষণ ইনস্টিটিউট/মূল্য ও মজুরি/জিডিপি এবং বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা-১২০৭।
৭। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৯। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। জনাব/বেগম-----------------------------------------------------।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব (উপসচিব), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

১৪/০৩/২০২১
সৌমিত্র কুমার পাল
সহকারী সচিব